



বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে গতকাল এশিয়ান ইউনিভার্সিটিতে 'শিক্ষা ও পরিবেশ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

### এশিয়ান ইউনিভার্সিটিতে 'শিক্ষা ও পরিবেশ'

#### শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

প্রেসি বিজ্ঞপ্তি : বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আয়োজিত 'শিক্ষা ও পরিবেশ' শীর্ষক সেমিনার গতকাল (শনিবার) এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের উত্তরায় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবেশ ও বনমন্ত্রী শাজাহান সিরাজ। সভাপতিত্ব করেন এশিয়ান ইউনিভার্সিটির ভিসি প্রফেসর আবুল হাসান মুঃ সাদেক। অনুষ্ঠানে পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণে শিক্ষার ভূমিকা শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের অধ্যাপক ডঃ মোহাম্মদ আবদুর রব। আলোচনায় অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের অধ্যাপক জিয়াউস সামছ এম এম হক, পরিবেশ সংরক্ষণ সাংবাদিক ফেরামের মহাসচিব আনোয়ার হোসেন মঞ্জু, এইউবির ডীন মুজিবুল হক অর বিহানেন্স প্রফেসর ডঃ এম এন সরকার। স্বাগত ভাষণ দেন রেজিস্ট্রার জিয়াউদ্দিন আহমেদ। পরিবেশ ও বনমন্ত্রী তার বক্তব্যে বলেন, সরকার পরিবেশ সংরক্ষণের বিষয়কে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আসছে। ইতিমধ্যে পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর পলিথিন ব্যাগের উৎপাদন, বাণিজ্যিকায়করণ ও ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হয়েছে। প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে দেশকে রক্ষা করতে ব্যাপক বনায়ন কর্মসূচী গ্রহণ করা হচ্ছে।